

রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ড. তরুন কুমার পাল সম্প্রতি রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ থেকে কৃতিত্বের সাথে Ph. D ডিগ্রী অর্জন করেছেন। তাঁর গবেষণার বিষয় ছিল “Complexation Behavior and Biological Studies on Mixed Ligand Complexes with Metal Ions”. তিনি Ph. D গবেষণা কালীন উল্লেখযোগ্য সংখ্যক গবেষণা প্রবন্ধ প্রকাশ করেন।

ড. তরুন কুমার পাল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ থেকে প্রথম শ্রেণীতে অনার্স ও মাস্টার্স পাশ করেন। এছাড়াও তিনি রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ থেকে এম. ফিল ডিগ্রী অর্জন করেন। ড. তরুন কুমার পাল ২০০৬ সালের ফেব্রুয়ারী মাসে অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে খন্ডকালীন শিক্ষক হিসেবে যোগদান করে তাঁর শিক্ষকতা জীবন শুরু করেন। তিনি ২০১০ সালের এপ্রিল মাসে অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে প্রভাষক পদে যোগদান করেন। ২০১৩ সালের এপ্রিল মাসে তিনি সহকারী অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেন। তিনি নিজেকে Coordination Chemistry বিষয়ে একজন দক্ষ গবেষক হিসেবে প্রতিষ্ঠিত করতে দৃঢ় প্রত্যয়ী।